

কৃষি ছাত্রলীগ নেতা সাদ ইবনে ৬ ছাত্রলীগ নেতার বিভিন্ন মেয়াদে সাজা

● আন্দোলনরত শিক্ষার্থীদের প্রত্যাখ্যান

জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ

ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (কৃষি) মনসাবিজ্ঞান অনুষদের মেধাবী শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা সাদ ইবনে মমতাজ হত্যার ঘটনায় গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের অধিকারী সভায় ছাত্রলীগের নেতাসহ ৬ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে সাজা দেয়া হয়েছে। এদের মধ্যে হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত নিহত সাদের ঘনিষ্ঠ বন্ধু আশরাফুল হক হল ছাত্রলীগ শাখার সাংগঠনিক সম্পাদক মনসাবিজ্ঞান অনুষদের লেবেল ফোরের ছাত্র সুজয় কুমার কুই ও রোকমুজ্জামান রোকম এবং ফিন্যান্স বিভাগের শেষ বর্ষের ছাত্র ও ছাত্রলীগ নেতা রেজাউল করিম রেজাকে আজীবন বহিষ্কার করা হয়েছে। ছাত্রলীগ নেতা ও কৃষি অর্থনীতি অনুষদের শেষ বর্ষের ছাত্র নাওয়াল শাহাদাত রাসেল ও দেওয়ান মোহাম্মদ মুফরাতকে ৪ বছর ও পতপালনের অনুষদের লেবেল ফোরের ছাত্র অস্তর চৌধুরীকে ২ বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে।

আন্দোলনরত শিক্ষার্থীরা এ সিদ্ধান্ত না মেনে তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন। তারা জানিয়েছেন, এটা আর্থিক দিক দিয়ে, এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত আরও প্রকৃত আনামি ৮ জনকে বিচারের আওতায় আনতে হবে। বিশ্ববিদ্যালয়ের গঠিত তদন্ত কমিটি ছাত্রলীগের ৬ নেতাকে দোষী সাব্যস্ত করে তাদের প্রতিবেদন দাখিল করার পর গত মঙ্গলবার রাতে উপচার্যের কামতবনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের 'বোর্ড অফ রেসিডেন্স অ্যান্ড স্টুডেন্ট ডিসিপ্লিনারি' সভা অনুষ্ঠিত হয়। এ সভায় ছাত্রলীগ নেতা সাদ ইবনে মমতাজ হত্যার ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গঠিত একোদ্বাকামচার বিভাগের প্রফেসর ড. মঈদীন আলীকে প্রধান করে ছয় সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দেয়া তদন্ত প্রতিবেদন নিয়ে পর্যালোচনা শেষে একটি সুপারিশমালা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সভায় উপস্থাপনের জন্য প্রেরণ করে বিশ্ববিদ্যালয়ের উপচার্য ড. রফিকুল হক সিন্ডিকেট সভা আহ্বান করেন।

সাজা : পৃষ্ঠা : ১৫ ক : ৪

সাজা : বিভিন্ন মেয়াদে

(১৩ পৃষ্ঠার পর)

গতকাল সকালে অনুষ্ঠিত এ সিন্ডিকেট সভায় ছাত্রলীগ নেতা সাদ ইবনে মমতাজ হত্যার ঘটনায় জড়িত নিহত সাদের ঘনিষ্ঠ বন্ধু বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আশরাফুল হক হল ছাত্রলীগ শাখার সাংগঠনিক সম্পাদক সুজয় কুমার কুই ও রোকমুজ্জামান রোকম, ছাত্রলীগ নেতা রেজাউল করিম রেজাকে ছায়াভাবে বহিষ্কার এবং ছাত্রলীগ নেতা নাওয়াল শাহাদাত রাসেল ও দেওয়ান মোহাম্মদ মুফরাতকে ৪ বছর ও অস্তর চৌধুরীকে ২ বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয় বলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল হাদেদ জানিয়েছেন।

এনিকে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভার বিচার ময়মনসিংহের শিক্ষার্থীরা না মেনে তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তাদের দাবি, হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত আরও প্রকৃত আনামি ৮ জনকে বিচারের আওতায় আনতে হবে। সিন্ডিকেটের বিচারের পর আন্দোলনরত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে তারা লাগিয়ে বিকোত প্রদর্শন করেন।

অন্যান্যকে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. আব্দু হাদী নূর আর্শাদ খান জানান, সিন্ডিকেটের দেয়া এ সিদ্ধান্ত ঠিক থাকলে হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ব্যক্তিদেরও একই শাস্তির আওতায় আনার পরামর্শ দিয়ে শিক্ষক সমিতি উপচার্য বরাবর আরও তিনটি দাবি উপস্থাপন করে আনামি মঙ্গলবার পর্যন্ত ক্লাস পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন। দাবিওসেলার মধ্যে এক, এ হত্যাকাণ্ডের একটি বর্ণিত তদন্ত কমিটির মাধ্যমে হত্যাকাণ্ডে জড়িতদের বাকি শিক্ষার্থীদের নামের তালিকা প্রকাশ করে তাদের বিরুদ্ধেও বিশ্ববিদ্যালয় আইনে গাতি শিথিত করতে হবে। দুই, আশরাফুল হক হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ছাত্র বিষয়ক উপদেষ্টাকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান এবং তিন, একটি উচ্চকমতা সম্পন্ন টাকফোর্স গঠন করে শিক্ষক-শিক্ষার্থীসহ ক্যাম্পাসের নিরাপত্তা জোরদার করা।

তবে এ ব্যাপারে উপচার্য ড. রফিকুল হক বলেছেন, এই হত্যাকাণ্ডের ব্যাপারে আমরা সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করেছি। আমি চাই আমার বিশ্ববিদ্যালয়ের পৌরবোধগুলি ঐতিহ্য ফিরে আসুক। সেই লক্ষ্যে আমরা কাজ করেছি। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মনসাবিজ্ঞান অনুষদের ক্লাস প্রতিনিধি নির্বাচনকে কেন্দ্র করে গত ৩১ মার্চ রাতে আশরাফুল হক হল সাদ ইবনে মমতাজকে ছাত্রলীগের অপর গ্রুপ বেধড়ক পিটিয়ে ওরুতর আহত করার পরদিন ১ এপ্রিল দুপুরে শহরের চরপাড়ায় বেসরকারি ট্রেন সেবায় সাদ ইবনে মমতাজ মারা যান। বিশ্ববিদ্যালয়ের মনসাবিজ্ঞান অনুষদের ৪র্থ বর্ষের ছাত্র নিহত সাদ ইবনে মমতাজের গ্রামের বাড়ি ব্রাহ্মণাঙ্গী পদর উপজেলায় বলে বিশ্ববিদ্যালয় মুদ্রা জানা গেছে।